

-০১-

ঢাকা ওয়াসা

নথি অফিস: ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখা: পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
মুদ্রনকারী: ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩৩.০৭.০০১.২৫ নথির বিষয়: Decorative lighting of PSTP compound for Celebration of Victory Day 2024. (16 December 2024).

নোট: ১ নোটের বিষয়: Decorative lighting of PSTP compound for Celebration of Victory Day 2024. (16 December 2024).

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২০/১/২৫ ৯:৫২ পূর্বাহ্ন

ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকার পয়ঃ সংগ্রহ করে দৈনিক ১২০ মিলিয়ন লিটার শোধন ক্ষমতা সম্পন্ন পাগলা পয়ঃ শোধনাগারের লেগুনে (পুকুর) এরোবিক/নন-এরোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে ক্লোরিন সংযোগ করার পর ভূগর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হয়। উক্ত স্থাপনা হতে বর্তমানে লিফট পাম্প, স্লাজ পাম্প, আউটফল পাম্প, ৯.০ কিঃ মিঃ অভ্যন্তরীণ ও ৪টিপ্রধান পয়ঃ লাইন ক্রিনিংসহ বিভিন্ন মডেল জেন এর আওতাধীন ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্রসহ নারিন্দা পয়ঃ পাম্পিং স্টেশনের যাবতীয় বৈদ্যুতিক ও যান্ত্রিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুস্থভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হয়ে থাকে। ১৬ ডিসেম্বর ২০২৪ইং তারিখে মহান বিজয় দিবস যথাযোগ্য ও জাকজমকভাবে পালনের উপলক্ষে পাগলা পয়ঃ শোধনাগার অফিস কম্পাউন্ডসহ ২টি গেট (মূল ফটক ও অফিস গেট) ও অফিস বিল্ডিং এ সৌন্দর্য বর্ধন, আলোক সজ্জার ব্যবস্থা করা হয়েছে।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২০/১/২৫ ১০:৩৪ পূর্বাহ্ন

সেই আলোকে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে “Decorative lighting of PSTP compound for Celebration of Victory Day 2024. (16 December 2024)” শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমান দাঁড়িয়েছে ২৪,৫০০.০০ (চব্বিশ হাজার পাঁচশত) টাকা মাত্র। উক্ত কাজের খরচ পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম) (কোড ০১-০৪-০১১) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-১১০; প্যাকেজ নং-E৪ হতে নির্বাহ করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৪):

- ১। ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
- ২। পূর্বানুমোদিত দর।
- ৩। প্রাক্কলন।
- ৪। প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২০/১/২৫ ১০:৪২ পূর্বাহ্ন

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.১ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে “Decorative lighting of PSTP compound for Celebration of Victory Day 2024. (16 December 2024)” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

ক) কাজটি পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি অনুসারে সরাসরি নগদ ক্রয় এর মাধ্যমে সম্পাদনের পোস্ট-ফ্যাক্টো অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক ২৪,৫০০.০০ (চব্বিশ হাজার চব্বিশ) টাকা মাত্র প্রাক্কলনটির আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।


গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের “পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)” (কোড ০১-০৪-০১১) খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

 ২০/১/২৫ ১০:৫০ পূর্বাহ্ন মোঃ মাসুম রহমান উপ-সহকারী প্রকৌশলী পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	 ২০/১/২৫ ১১:১৫ পূর্বাহ্ন মোঃ সাইফুল ইসলাম উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	 ১১/২/২৫ ৮:১৩ অপরাহ্ন মোঃ রাহাত শিকদার নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	 ১২/২/২৫ ৮:২১ পূর্বাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
--	---	---	--

EE, PSTP

24/2/25

SDE

24.2.25

SAE

১২/২/২৫ ৮:২১ পূর্বাহ্ন
মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।